

**এসএসসি পরীক্ষা আজ**

# পরীক্ষার্থী ২০ লাখের বেশি

নিজস্ব প্রতিবেদক

১৫ ফেব্রুয়ারি ২০২৪, ১২:০০ এএম



UNIBOTS

২০২৪ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ বৃহস্পতিবার।

(ভোকেশনাল) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন। গতবারে

Advertisement: 0:29

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, দেশের ২৯ হাজার ৭৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এই পরীক্ষায় অংশ নেবে। মোট ৩ হাজার ৭০০ কেন্দ্রে হবে এই পরীক্ষা।

প্রতিবছরই শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বাত্মক মন্ত্রীরা পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। তবে নতুন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী ঘোষণা দিয়েছেন, তিনি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে যাবেন না। শিক্ষামন্ত্রী মনে করেন, পরীক্ষার কেন্দ্র পরিদর্শনের কারণে শিক্ষার্থীদের ওপর এক ধরনের হয়রানিমূলক পরিস্থিতি, মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ সৃষ্টি হয়।

অবশ্য পরীক্ষার বিভিন্ন বিষয় নিয়ে কথা বলার জন্য আজ বেলা ১১টায় রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা হয়েছে।

সকাল ১০টায় পরীক্ষা শুরু হবে। এবার পূর্ণাঙ্গ পাঠ্যসূচির ভিত্তিতে এই পরীক্ষা হবে। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ হবে বলে জানিয়েছে মন্ত্রণালয়।

সাধারণ শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের লিখিত পরীক্ষা শেষ হবে ১২ মার্চ। এ ছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের লিখিত পরীক্ষা শেষ হবে ১৪ মার্চ।

পরীক্ষা উপলক্ষে ১৩ ফেব্রুয়ারি থেকে আগামী ১২ মার্চ পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্দের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

পরীক্ষা গ্রহণের বিষয়ে সব প্রস্তুতি সম্পর্ক হয়েছে বলে জানিয়েছেন শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সমন্বয় কমিটির প্রধান ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

Advertisement: 0:29